Total number of printed pages: 5 (five) **DCBL-2024-101**

**2024**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 1st paper**

Bengali Language and Literature on Historical Perspective

Full Marks: 80 Time: 3 hours

**২০২৪**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ১ম পত্র**

ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও ছয়টি) : - ১ x ৬ = ৬

ক) বাংলা ভাষার আনুমানিক বয়স কত?

খ) বাংলা ভাষাটি কোন ভাষা পরিবারের অন্তর্ভুক্ত?

গ) বাঙালি জাতিসত্তার আত্মপ্রকাশের সময়কাল কত?

ঘ) বঙ্গীয় শব্দকোষের প্রণেতা কে?

ঙ) ‘হা-বাংলা’ শব্দটির অর্থ কী?

চ) ধর্ম ও ভাষার মধ্যে কোন্‌টি সহজে পরিবর্তনশীল?

ছ) বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শন কী?

২। উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ২ x ৫ = ১০

ক) পৃথিবীতে প্রচলিত ভাষাগুলোর মধ্যে বাংলা ভাষার স্থান কত? সারা পৃথিবীর কত সংখ্যক মানুষের মুখের ভাষা বাংলা?

খ) বাঙালি কারা? ওরা কোথায় বাস করে?

গ) ভাষা পরিবার বলতে কী বোঝায়?

ঘ) চর্যাপদ পুথিটির ভাষাকে কী ভাষা বলে? পুথিটির আবিষ্কারকের নাম লিখুন।

অপর পৃষ্ঠায় দেখুন

ঙ) বাংলা ভাষার সাধুরূপটি আমরা কোথায় খুঁজে পাই?

চ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসের কথাকার কে? এতে কাদের জীবন প্রতিফলিত হয়েছে?

৩। যথাযথ প্রশ্নের উত্তর লিখুন (যে কোনও দু'টি) : - ৩ x ২ = ৬

ক) 'বাঙালিরা একটি মিশ্রজাতি'- যুক্তি সহকারে এর সপক্ষে আপনার দু'টি মতামত দিন।

খ) বাংলার ভূখণ্ড ও বাংলা ভাষার ভূখণ্ড বলতে কী বলা হয়েছে? তথ্যসহকারে যুক্তিপূর্ণ উত্তর লিখুন।

গ) মধ্যভারতীয় আর্যভাষার তিনটি স্তরের নাম লিখুন।

৪। যে কোনও একটি চর্যার পদকে আধুনিক বাংলার রূপান্তরিত করুন : - ৪ x ১ = ৪

ক) ভাব না হোই অভাবন জাই
আইস মংবোহেঁ কো পতিআই।।

*অথবা*

খ) গান গাহিআ নাব বাহিআ কে আইশই পারহি
দেখিআ জৈহণ মণে (মণহি) হোই
চিণহিআই ওহারহি।

*অথবা*

গ) উঁচ উঁচা পাবত তঁহি বসই সবরীবালী
মোরঙ্গি পীচ্ছ পরহিণ সবরী গীবত গুঞ্জরী মালী।।

৫। যে কোনও দু'টি সম্বন্ধে যা জানুন লিখুন : - ২ x ২ = ৪

চর্যাচর্যবিনিশ্চয়, সান্ধ্যভাষা, লুইপাদ, জীবন্ত ভাষা।

৬। উত্তর লিখুন (যে কোনও দু'টি) : - ২ x ২ = ৪

ক) বিদ্যাপতি ও চণ্ডীদাস কোন যুগের কবি বলে পরিচিত? তাঁদের রচনার ভাষা কী ছিল?

খ) তুর্কি আমলে প্রকাশিত সাহিত্য বলতে আমরা কোন্ পর্যায়ের সাহিত্যকে বুঝি? উদাহরণসহ লিখুন।

গ) 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' কী ভাষায় রচিত? এই পদাবলীর রচয়িতার নাম লিখুন।

ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুথিটি কত খ্রিস্টাব্দে আবিষ্কৃত হয়েছিল? এ কীর্তনের পদকর্তা ও আবিষ্কারক কে কে, নাম লিখুন।

৭। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) মঙ্গলকাব্য কাকে বলে? এর ধারাগুলির নাম লিখুন।

খ) শ্রীচৈতন্যদেব কবে কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর পিতা ও মাতার নাম লিখুন।

গ) আগমনী ও বিজয়া পদ সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

৮। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও তিনটি) : - ১ x ৩ = ৩

ক) বেদ, পুরাণ, উপনিষদ ও পাঁচালি কোন্ ছন্দে রচিত?

খ) মুদ্রণ মাধ্যমের উদ্ভবের হাজার বছর পূর্বে মানুষের প্রকাশ মাধ্যম কী ছিল- গদ্য, না পদ্য?

গ) 'সাহিত্যসম্রাট' শিরোপার যথার্থ অধিকারী কে?

ঘ) 'হুতোম পেঁচার নক্সা'র লেখক কে- কালীপ্রসন্ন সিংহ, না বুদ্ধদেব বসু?

৯। সংক্ষেপে উত্তর দিন (যে কোনও দু'টি) : - ২ x ২ = ৪

ক) হেড়ম্ব রাজ্যটি বলতে কোন স্থানকে বোঝানো হয়েছে? এ রাজ্যের সরকারি ভাষা কী ছিল?

খ) মহারাজ মেঘনারায়ণ কে ছিলেন? তিনি কোথায় সিংহদ্বার নির্মাণ করেন?

গ) বাংলা মননশীল গদ্য রচনায় কে পথিকৃতের ভূমিকা গ্রহণ করেন? তাঁর যে কোনও একটি রচনার নাম লিখুন।

১০। ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ***অথবা*** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্বন্ধে টীকা লিখুন। ৩



অপর পৃষ্ঠায় দেখুন

খ) হেড়ম্ব রাজ্যের আদেশ পত্রটির ভাবানুবাদ করুন : - ৩

*'যদ্যপি কম্পানী সরকারের ২০ জনা ছিপাহি আমার নিকট থাকেন তবে নিঃসন্দেহক্রমে আত্মরক্ষণপূর্ব্বক রাজ্য সম্ভোগ করিতে পারি অতএব গোচর করি মেহেরবানি পূর্ব্বক জিলা শ্রীহট্টের শ্রীযুক্ত মেজেষ্টর সাহেবের প্রতি ২০ বিস জনা ছিপাহি আমার নিকট সদাকাল রাখিতে ১ কিত্তা পরাণার হুকুম হৈতে অনুমতি হবে।'*

১১। সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) অষ্টাদশ শতাব্দী পর্যন্ত বাংলা কবিতার প্রধান অবলম্বন কী ছিল- মুদ্রণ না শ্রুতি?

খ) 'শিশুশিক্ষা' কবিতাটি কার সংকলিত?

গ) বাংলা কাব্যে কবে আধুনিক যুগের সূচনা হয়?

ঘ) কবিগুরু কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?

ঙ) 'সকলেই কবি নয়, কেউ কেউ কবি'- এটা কার উক্তি?

চ) ভোলা ময়রা, অ্যান্টনি ফিরিঙ্গি এঁরা কারা ছিলেন?

ছ) খেউড়, হাফ-আখড়াই কী ধরনের সাহিত্য?

১২। সঠিক উত্তর লিখুন (যে কোনও দু'টি) : - ২১/২ x ২ = ৫

ক) 'গীতাঞ্জলি' কবে প্রথম প্রকাশিত হয়? কবিগুরু সারাজীবনে কয়টি কাব্যগ্রন্থ রচনা করেন? গীতবিতানে তাঁর গানের মোট সংখ্যা কত?

খ) বাংলায় 'শুদ্ধতম কবি' বা 'নির্জনতম কবি' বলতে কাকে বোঝানো হয়েছে? 'রূপসী বাংলা'র বৈশিষ্ট্য কী লিখুন।

গ) বাংলা ভাষার তৃতীয় ভুবন বলতে কোন্ অঞ্চলকে বোঝায়? এ ভুবনের নির্বাচিত কবিতা সংকলনের নাম লিখুন।

*অথবা*

ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর 'নির্বাসিতা' ভূমি সম্বন্ধে কোন্ কবিতাটি লেখেন। কবিতাটির চারটি লাইন লিখুন।

১৩। সংক্ষেপে উত্তর দিন (যে কোনও দু'টি) : - ২ x ৩ = ৬

ক) নাটক কাকে বলে? বাংলার দু'জন বিশিষ্ট নাট্যকারের নাম লিখুন।

খ) মেঘনাদবধ কাব্যটির রচয়িতার নাম কী? তাঁর দুটি নাটকের নাম লিখুন।

গ) সাম্যবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে নাট্যকর্মীরা কী ধরনের নাটক লিখেছেন? তাঁদের অন্যতম প্রধান নাট্যকারের নাম লিখুন।

১৪। সংক্ষেপে উত্তর দিন (যে কোনও দু'টি) : - ২ x ২ = ৪

ক) কুশীলব কাদের বলা হয়? নাটুকে এদের উপস্থিতির বিষয়ে যা জানেন লিখুন।

খ) 'গৈরিশ ছন্দ' বলতে কী বোঝায়?

গ) মাইকেল মধুসূদন দত্ত ***অথবা*** রবীন্দ্রনাথ ঠাকুর সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

১৫। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৪ x ১ = ৪

ক) উপন্যাস কাকে বলে? উপন্যাস কী বাস্তবের প্রতিচ্ছবি?

খ) মীর মশাররফ হোসেন কে? তাঁর রচিত বৃহদায়তন উপন্যাসটির নাম কী? উপন্যাসটি সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

গ) ছোটগল্প কী? কথাসাহিত্যে ছোটগল্পের আত্মপ্রকাশ কবে, কোন্ পরিপ্রেক্ষিতে হয়েছিল?

১৬। শুদ্ধ উত্তরটি লিখুন : - ১ x ৩ = ৩

ক) উপন্যাস হল ____ (গদ্যে/পদ্যে) রচিত একটি বর্ণনামূলক কাহিনি।

খ) ____ (শ্রীকান্ত/দুর্গেশনন্দিনী) কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত একটি উপন্যাস।

গ) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসটি ____ (আশাপূর্ণা দেবীর/মহাশ্বেতা দেবীর) রচিত।

- শেষ পৃষ্ঠা -